

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১১৫১

আগরতলা, ২৫ জুন, ২০১৮

বিধানসভা সংবাদ।।

আগরতলার প্রতিটি ট্রাফিক পয়েন্টে বৈদ্যুতিন সিগন্যাল

চালুর পরিকল্পনা রয়েছে : মুখ্যমন্ত্রী

আগরতলা শহরে প্রতিটি ট্রাফিক পয়েন্টে বৈদ্যুতিন সিগন্যালের মাধ্যমে যান নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করার পরিকল্পনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ রাজ্য বিধানসভায় জানিয়েছেন। বিধায়ক আশিষ কুমার সাহার এক পঞ্জোর লিখিত উত্তরে মুখ্যমন্ত্রী জানান, বর্তমানে আগরতলা শহরের মোট চারটি একাধিক রাস্তার সংযোগস্থলে বৈদ্যুতিন সিগন্যালের মাধ্যমে ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু রয়েছে। পরবর্তীতে আগরতলা শহরে যান চলাচল নিয়ন্ত্রণের জন্য শহরের একাধিক রাস্তার সংযোগস্থলে আরও ত্রিশটি স্থানে বৈদ্যুতিন ট্রাফিক সিগন্যালের মাধ্যমে যান নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করার জন্য একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।
